

## পায়রা বন্দর কর্তৃপক্ষ

(কলাপাড়া, পটুয়াখালী)

১. প্রকল্পের নাম : জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় গ্রীন হাউজ নিঃসরণ কমানোর লক্ষ্যে পায়রা বন্দরের টার্মিনাল এলাকার Container Freight Station (CFS) সেড, ওয়ার্কশপ এবং সাব-স্টেশনের ছাদের উপর সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন (Electricity generation by installing solar panels on Container Freight Station (CFS) shade, rooftop of workshop & sub-station of Payra Port's terminal area with the aim of reducing greenhouse gas emissions to combat the effects of climate change)।

২. বাস্তবায়নকারী সংস্থা : পায়রা বন্দর কর্তৃপক্ষ।

৩. প্রশাসনিক মন্ত্রণালয় : নৌপরিবহন মন্ত্রণালয়।

৪. অনুমোদনকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ : Climate Change Unit (পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়)।

৫. প্রাক্কলিত ব্যয় : ১৩৫৪.৮৫ লক্ষ টাকা (বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে)।

৬. বাস্তবায়নকাল : ০১ জানুয়ারি ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

৭. প্রকল্প এলাকা : কলাপাড়া, পটুয়াখালী।

৮. প্রকল্পের লক্ষ্য :

- সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে ৮০০ KWp বিদ্যুৎ উৎপাদন।
- সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা।
- অন্যান্য আনুষাঙ্গিক কার্যক্রম।

৯. প্রকল্পের উদ্দেশ্য : গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে বন্দরের টার্মিনাল এলাকায় সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন।

### ১০. প্রাক্কলিত ব্যয়ের বিবরণী:

(অংকসমূহ লক্ষ টাকায়)

ক্র:	অর্থনৈতিক কোড	খাতের বিবরণ	টাকার পরিমাণ
০১	৩২২১১০৯	ব্যবস্থাপনা ব্যয়	৫.০০
		(ক) মোট রাজস্ব ব্যয়	৫.০০
০১	৮১১২৩১৩	সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি	১৩৪৯.৮৫
		(খ) মোট মূলধন ব্যয়	১৩৪৯.৮৫
		সর্বমোট ব্যয় (ক+খ)	১৩৫৪.৮৫

## ১২. অগ্রগতি (ডিসেম্বর/২৫) পর্যন্ত:

- ‘জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবেলায় গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে পায়রা বন্দরের টার্মিনাল এলাকার Container Freight Station (CFS) সেড, ওয়ার্কশপ এবং সাব-স্টেশনের ছাদের উপর সৌর প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন’ শীর্ষক প্রকল্পটি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে গত ১২ মে ২০২৫ তারিখে প্রশাসনিক অনুমোদন জারি করা হয়।
- পরবর্তীতে গত ২৫ জুন ২০২৫ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক পাবকের সিনিয়র সহকারী প্রধান (প্রোগ্রামিং এন্ড এপ্রাইজল) ও যুগ্ম পরিকল্পনা প্রধান (অ.দা.) জনাব মোহাম্মদ আলী- কে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। একইসাথে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক গত ১০ জুলাই ২০২৫ তারিখে পাবকের ৩ জন কর্মকর্তা ও ২ জন কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়।
- গত ১৩ জুলাই ২০২৫ তারিখে প্রকল্প পরিচালকের নামে প্রকল্পের অনুকূলে সোনালী ব্যাংক পায়রা বন্দর শাখায় একটি হিসাব SNDS No: 4320803000002 খোলা হয়েছে।
- প্রকল্পের কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন নির্ধারণ, দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত এবং টেক্নিক ডকুমেন্টস প্রস্তুত করা হয়েছে।
- প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সভার জন্য প্রতিনিধি মনোনয়ন পূর্বক কমিটি গঠন করা হয়েছে এবং প্রকল্প স্টিয়ারিং (PSC) সভার জন্য নৌপরিবহন মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করা হয়েছে।
- গত ০২ সেপ্টেম্বর ২০২৫ তারিখে e-GP এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে প্রাপ্ত দরপত্রসমূহ মূল্যায়নের জন্য একটি তিন (০৩) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে e-GP এর মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) আহ্বান করা হয়েছে। দরপত্র ডকুমেন্ট e-GP সফটওয়্যারে আপলোড করা হয় এবং ১৫ অক্টোবর ২০২৫ তারিখে দরপত্র খোলা হয়েছে। বর্তমানে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়া চলমান।
- গত ০৪ নভেম্বর ২০২৫ তারিখে প্রকল্পের ১ম কিস্তি বাবদ ৩.৩৮৭১২৫০ (তিনি কোটি আঠত্রিশ লক্ষ একাত্তর হাজার দুইশত পঞ্চাশ টাকা) কোটি টাকা অর্থ ছাড়করণ করা হয়েছে।
- গত ০৭ ডিসেম্বর ২০২৫ তারিখ জলবায়ু ট্রাস্ট ফান্ড কর্তৃক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়।

  
মোহাম্মদ আলী  
জল পরিবহন ব্যাংক (অ.দা.)  
পায়রা বন্দর কর্তৃপক্ষ